এইচ এস সি পরীক্ষা ২০১৫ এর মডেল প্রশ্ন

সমাজবিজ্ঞান প্রথম পত্র

সময়—২ ঘণ্টা ১০ মিনিট **সৃজনশীল প্রশ্ন** পূর্ণমান—৬০

[**বিশেষ দ্রষ্টব্য :** দক্ষিণ পার্শ্বস্থ সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। যেকোনো **ছয়টি** প্রশ্নের উত্তর দাও।]

১। সচ্চরিত্রের জন্য জামিল বিদ্যালয়ে বেশ প্রশংসিত। তার বিনয়ী ব্যবহার সবাইকে মুগ্ধ করে। বন্ধু জাওয়াদ একদিন জামিলের বাসায় বেড়াতে গেলে দেখতে পায় দেয়ালে খুব সুন্দর করে লেখা আছে, "পিতামাতাই সবচেয়ে বড় নিঃস্বার্থ বন্ধু", "বড়দের সম্মান কর", "প্রতিদিন অন্তত একটি ভালো কাজ কর।" জাওয়াদের কৌতূহলের জবাবে জামিল জানায় এসব তার দাদু লিখেছে।

ক. অনু পরিবার কয় পুরুষে আবদ্ধ? ১

খ. সামাজিক মূল্যবোধ বলতে কী বোঝায়? ২

গ. জামিলের দাদুর কাজগুলো পরিবারের কোন ধরনের কাজের অন্তর্ভুক্ত? ব্যাখ্যা কর। ৩

ঘ. "জামিলের চরিত্রের ভিত্তি তার পরিবার"— পাঠ্যপুস্তকের আলোকে উক্তিটি মূল্যায়ন কর। ৪

২। মানস কুমার ও আদনান দুই বন্ধু। মানস সম্প্রতি স্বগোত্রের একটি মেয়েকে বিয়ে করেছে। তার ধর্মে অন্য গোত্রের মেয়েকে বিয়ে করা যায় না। আদনানের ক্ষেত্রে অবশ্য এমন কোনো বিধিনিষেধ নেই। তাই সে মধ্যবিত্ত পরিবারের একটি মেয়েকে বিয়ে করেছে। মানস ও আদনান দু জনই আজ সুখী। কিন্তু তাদের আরেক বন্ধু সাজেদ দু বউ নিয়ে অসুখী জীবনযাপন করছে।

ক. বিবাহ কী? ১

খ. বিবাহ কেন করা হয় তা ব্যাখ্যা কর। ২

গ. উদ্দীপকে কয় ধরনের বিবাহ সংঘটিত হয়েছে তা আলোচনা কর। ৩

ঘ. আদনান ও মানসের জীবনে বিবাহের গুরুত্ব বিশ্লেষণ কর। ৪

৩। নিচের ছকচিত্রটি দেখ এবং প্রশ্নগুলোর উত্তর দাও।



ক. 'Capital' গ্রন্থটি কে রচনা করেছেন? ১

খ. শ্রেণি ও তার পরিণতি সম্পর্কে মার্কসীয় ধারণা ব্যাখ্যা কর। ২

গ. উদ্দীপকটি সামাজিক স্তরবিন্যাসের কোন তত্ত্বটির প্রতিফলন তা আলোচনা কর। ৩

ঘ. উদ্দীপকের তত্ত্বটি সমালোচনার ঊর্ধ্বে নয়— বিশ্লেষণ কর। ৪

৪। রাতুল, রুহান ও রুবেল তিন ভাই। তাদের বাবার বেশ ভালোই জমিজমা আছে। তারা তিন ভাইকে মিলেই এ জমিগুলো দেখাশুনা করে। জমি থেকে যা আয় তা সবাই মিলে ভাগ করে নেয়। সম্প্রতি তারা তাদের এক চাচাতো ভাই সাথে নিয়ে সুতার মিল স্থাপন করে এবং অল্প সময়েই তারা প্রত্যেকে বেশ সম্পদশালী হয়ে ওঠে।

ক. ব্যক্তিবিশেষের সম্পত্তি কাকে বলে? ১

খ. ব্যক্তিগত সম্পত্তির ব্যাখ্যা কর। ২

গ. উদ্দীপকে কয় ধরনের সম্পত্তির মালিকানা লক্ষণীয়— আলোচনা কর। ৩

ঘ. উদ্দীপকে যে ব্যক্তিগত সম্পত্তির মালিকানা বর্ণিত হয়েছে— তার প্রেক্ষাপটে তোমার অবস্থান যুক্তিসহ বিশ্লেষণ কর। ৪

৫। মি. নিলয় সাহেব একজন স্বনামধন্য ব্যবসায়ী। ব্যবসার অর্থনৈতিক উন্নয়ন তার ভাবনার মূল বিষয়। তিনি পুঁজিবাদী অর্থব্যবস্থার পক্ষে। কেননা তিনি মনে করেন অন্যান্য অর্থব্যবস্থা যেমন মিশ্র অর্থব্যবস্থা, সমাজতান্ত্রিক অর্থব্যবস্থার চেয়ে পুঁজিবাদী অর্থব্যবস্থা ব্যবসায় বাণিজ্যের জন্য বেশি অনুকূল এবং অধিক মুনাফা অর্জন করা সম্ভব।

ক. অর্থনৈতিক ব্যবস্থা কী? ১

খ. ধনতান্ত্রিক অর্থব্যবস্থা বলতে কী বোঝায়, ব্যাখ্যা কর। ২

গ. মি. নিলয় কেন ধনতান্ত্রিক অর্থব্যবস্থার পক্ষে তা ব্যাখ্যা কর। ৩

ঘ. সমাজতান্ত্রিক অর্থব্যবস্থার বৈশিষ্ট্য উল্লেখপূর্বক বিশ্লেষণ কর। ৪

৬। প্রদত্ত ছকের আলোকে নিচের প্রশ্নগুলোর উত্তর দাও।

ক. রাষ্ট্রের উৎপত্তিসংক্রান্ত সুপ্রাচীন মতবাদ কোনটি? ১

খ. মধ্যযুগে দার্শনিকগণ ধর্মভিত্তিক রাষ্ট্রের গোড়াপত্তন করেন কেন? ২

গ. রাষ্ট্রের উৎপত্তিতে বলপ্রয়োগ মতবাদের সপক্ষে ঐতিহাসিক দৃষ্টান্ত উপস্থাপন কর। ৩

ঘ. রাষ্ট্রের উৎপত্তিতে সামাজিক চুক্তি মতবাদের দার্শনিক, রাজনৈতিক ও সামাজিক তাৎপর্য বিশ্লেষণ কর। ৪

৭। শাকিল সম্প্রতি একটি ডকুমেন্টারিতে বিবর্তনবাদের মধ্য দিয়ে রাষ্ট্রের জন্ম প্রক্রিয়া দেখেছে। ডকুমেন্টারি থেকে বুঝতে পারে যে, আদিতে জ্ঞাতিসম্পর্ক, পরিবার ও ধর্মীয় বন্ধন নেতৃত্বের সৃষ্টি করেছিল। আর এ নেতৃত্ব অর্থনৈতিক কর্মকাণ্ডের মধ্য দিয়ে রাজনৈতিক চেতনার সৃষ্টি করে এবং পরিশেষে যুদ্ধ ও অবদমনের ফলে রাজনৈতিক সংগঠন রাষ্ট্রের সৃষ্টি হয়।

ক. আদিম সমাজ সংগঠনগুলোর গঠন ভিত্তি কী? ১

খ. রাষ্ট্র সৃষ্টিতে ধর্মের ভূমিকা ব্যাখ্যা কর। ২

গ. উদ্দীপকে নির্দেশিত জ্ঞাতিসম্পর্ক পরিবার ও ধর্মীয় বন্ধন থেকে নেতৃত্ব সৃষ্টির বিষয়টি আলোচনা কর। ৩

ঘ. শাকিলের দেখা ডকুমেন্টারিটি রাষ্ট্রের উৎপত্তি সম্পর্কিত বিবর্তনবাদের পূর্ণ প্রতিফলন— বিশ্লেষণ কর। ৪

৮। বাংলাদেশের সামাজিক পরিবর্তনের সাথে সাথে কোন ধরনের সরকার ব্যবস্থার আবির্ভাব ঘটতে পারে তা নির্ধারণের জন্য সমাজকল্যাণ পরিষদ একটি তিন সদস্যবিশিষ্ট কমিটি গঠন করে তাদের ওপর সরকারের শ্রেণিবিভাগ তৈরি করতে নির্দেশ প্রদান করে। কমিটির প্রধান বিশেষজ্ঞ মোস্তফা সাহেব সুলতানি আমল থেকে এ পর্যন্ত সরকারগুলোর প্রেক্ষিতে একটি খসড়া রূপরেখা কর্তৃপক্ষের কাছে জমা দেন। কর্তৃপক্ষ খসড়া শ্রেণিবিভাগকে এরিস্টটলের সরকারের শ্রেণিবিভাগের সাথে তুলনা করে এবং এটিকে অচল বলে প্রত্যাখ্যান করে।

ক. সরকার রাষ্ট্রের কোন ধরনের ক্ষমতার প্রকাশ ঘটায়? ১

খ. সরকারের প্রাচীন শ্রেণিবিভাগ ব্যাখ্যা কর। ২

গ. মোস্তফা সাহেবের খসড়া শ্রেণিবিভাগের সাথে এরিস্টটলের সরকারের শ্রেণিবিভাগের সাদৃশ্য তুলে ধর। ৩

ঘ. কর্তৃপক্ষের জায়গায় তুমি হলে কী সিদ্ধান্ত নিতে তা যুক্তিসহ বিশ্লেষণ কর। ৪

৯। মোস্তফা পারভেজ বাংলাদেশের একটি গার্মেন্টস শিল্প সংগঠনের প্রধান। তিনি এ সংগঠনটি অত্যন্ত দক্ষতার সাথে নির্দিষ্ট নিয়মের মাধ্যমে পরিচালনা করে আসছেন। সংগঠনটিতে শ্রমবিভাজন যেমন নিয়ন্ত্রিত তেমনি কর্তৃত্বের ক্রমোচ্চ ব্যবস্থাও বিদ্যমান। সংগঠনটির সুনির্দিষ্ট লিখিত নিয়মকানুন রয়েছে এবং নিয়ম মেনে সংগঠনটির সকল সদস্য স্বাধীনভাবে কাজ করে।

ক. আমলাতন্ত্র কী? ১

খ. আমলাতন্ত্রের মৌলিক বৈশিষ্ট্য ব্যাখ্যা কর। ২

গ. উদ্দীপকের সংগঠনটির আমলাতান্ত্রিক কাঠামো আলোচনা কর। ৩

ঘ. আমলাতান্ত্রিক জটিলতা থাকলে মোস্তফা পারভেজকে সংগঠনটি চালনায় কঠিন সমস্যার সম্মুখীন হতে হতো— বিশ্লেষণ কর। ৪

Teachingbd.com

এইচ এস সি পরীক্ষা ২০১৫ এর মডেল প্রশ্ন

সমাজবিজ্ঞান প্রথম পত্র

বহুনির্বাচনি অভীক্ষা

সময়–৪০ মিনিট পূর্ণমান–৪০

[**বিশেষ দ্রষ্টব্য :** সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসংবলিত বৃত্তসমূহ হইতে সর্বোৎকৃষ্ট/সঠিক উত্তরের বৃত্তটি (●) বলপয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট কর। প্রতিটি প্রশ্নের মান ১।]

১. সামাজিক ক্রিয়াকর্মের অধিকাংশই পরিচালিত হয় কীভাবে?
(ক) পরিবারকে কেন্দ্র করে (খ) ব্যক্তিকে কেন্দ্র করে
(গ) ধর্মকে কেন্দ্র করে (ঘ) বংশকে কেন্দ্র করে

২. "ধর্ম একটি অকৃত্রিম সামাজিক সংস্থা" এখানে উল্লিখিত ধর্মের সাথে "পরিবার, বিবাহ ও জ্ঞাতিসম্পর্ক" অধ্যায়ের কিসের মিল রয়েছে?
(ক) পরিবার (খ) ধর্ম (গ) সমাজ (ঘ) বিবাহ

৩. "বর্তমান পাশ্চাত্য সমাজে এ ধরনের পরিবার দেখা যায়" বাক্যটিতে কোন ধরনের পরিবারের কথা প্রকাশ পেয়েছে?
(ক) নয়াবাস পরিবারের কথা
(খ) মাতৃবাস পরিবারের কথা
(গ) পিতৃবাস পরিবারের কথা
(ঘ) পিতৃপ্রধান পরিবারের কথা

৪. একজন পুরুষ ও একজন মহিলা একত্রে বসবাস করার চূড়ান্ত ক্ষমতা অর্জন করে কীভাবে?
(ক) বিবাহের মাধ্যমে (খ) পরিবারের মাধ্যমে
(গ) ধর্মীয় মাধ্যমে (ঘ) সামাজিক মাধ্যমে

৫. "এটা মূলত বহির্বিবাহ রীতির সম্পূর্ণ বিপরীত অবস্থার নাম" বাক্যটিতে কোন বিবাহকে বোঝানো হয়েছে?
(ক) গোষ্ঠী বিবাহ (খ) সরোরেট বিবাহ
(গ) বহির্বিবাহ (ঘ) অন্তর্বিবাহ

৬. "জ্ঞাতিসম্পর্কের সামাজিক গুরুত্ব অপরিসীম" বলতে কী ফুটে উঠেছে?
(ক) জ্ঞাতিসম্পর্ক বড় সম্পর্ক
(খ) জ্ঞাতিসম্পর্কের মূল্য নেই
(গ) জ্ঞাতিসম্পর্ক অনেক গুরুত্বপূর্ণ
(ঘ) কোনোটিই নয়

৭. জ্ঞাতিসম্পর্ক হিসেবে কাজ করে কোন কাঠামো?
(ক) প্রাচীন সমাজ কাঠামো
(খ) অতীত সমাজ কাঠামো
(গ) আধুনিক সমাজ কাঠামো
(ঘ) বর্তমান সমাজ কাঠামো

৮. "পরিবারের অন্যতম কাজ সন্তানদেরকে উপযুক্ত নাগরিক হিসেবে গড়ে তোলা" বাক্যটিতে কী ফুটে উঠেছে?
i. পরিবারের সুখ
ii. পরিবারের কর্তব্য
iii. পরিবারের কাঠামো
নিচের কোনটি সঠিক?
(ক) i (খ) ii (গ) i ও ii (ঘ) i, ii ও iii

■ নিচের অনুচ্ছেদটি পড় এবং ৯ থেকে ১২নং প্রশ্নের উত্তর দাও।
গ্রামের মূল প্রতিপাদ্য বিষয় হল সামাজিক সম্পর্ক। সামাজিক বন্ধনই মানুষকে সুসংগঠিত করে রাখে, সৃষ্টি করে একটি জটিল বন্ধন। প্রতিবেশী ও বৈবাহিক সম্পর্কই সামাজিক সম্পর্ককে নির্ণয় করতে বিশেষ ভূমিকা পালন করে।

৯. অনুচ্ছেদে উল্লিখিত সামাজিক সম্পর্কের সাথে "পরিবার, বিবাহ ও জ্ঞাতিসম্পর্ক" অধ্যায়ের কোন সম্পর্কের মিল রয়েছে?
(ক) বৈবাহিক সম্পর্কের (খ) জ্ঞাতিসম্পর্কের
(গ) পারিবারিক সম্পর্কের (ঘ) জৈবিক সম্পর্কের

১০. উদ্দীপকের মূল ভাবটিতে ফুটে উঠেছে?
i. জ্ঞাতিসম্পর্কের গুরুত্ব
ii. জ্ঞাতি বন্ধন
iii. পরিবারের গুরুত্ব
নিচের কোনটি সঠিক?
(ক) i (খ) ii (গ) i ও ii (ঘ) i, ii ও iii

১১. যারা বৈবাহিক সূত্রে সম্পর্কযুক্ত তাদেরকে ইংরেজিতে কী বলা হয়?
(ক) Affinese (খ) Kin
(গ) Kinship (ঘ) Exogamy

১২. "জ্ঞাতিসম্পর্ক সমাজ সংগঠনের মূল প্রতিপাদ্য বিষয়" বাক্যটিতে কী ফুটে উঠেছে?
i. জ্ঞাতিসম্পর্কের গুরুত্ব
ii. পরিবারের গুরুত্ব
iii. জ্ঞাতিসম্পর্কের প্রতিপাদ্য
নিচের কোনটি সঠিক?
(ক) i (খ) ii (গ) i ও ii (ঘ) i, ii ও iii

১৩. আদি কালের সমাজও কী ছিল?
(ক) স্তরবিন্যাস (খ) শিক্ষিত মানুষ
(গ) শিকারি (ঘ) ভালো শিকারি

১৪. মার্কসীয় তত্ত্বে উৎপাদন যন্ত্রের সঙ্গে শ্রেণিকে সংজ্ঞায়িত করা হয় কীভাবে?
(ক) অর্থনৈতিক ভিত্তিতে (খ) রাজনৈতিক ভিত্তিতে
(গ) সামাজিক ভিত্তিতে (ঘ) সম্পর্কের ভিত্তিতে

১৫. ঐতিহাসিক বিবর্তন প্রক্রিয়ার কয়েকটি স্তরে কী লক্ষণীয়?
(ক) অর্থ (খ) শ্রেণির অস্তিত্ব
(গ) মানুষ (ঘ) সমাজের অস্তিত্ব

১৬. মার্কসের জীবদ্দশায় কোন সমাজ প্রতিষ্ঠিত হয় নি?
(ক) সমাজতান্ত্রিক সমাজ (খ) দ্বন্দ্বমূলক সমাজ
(গ) শ্রেণি বৈষম্যমূলক সমাজ (ঘ) স্তরবিন্যাসমূলক সমাজ

১৭. সবার জন্য প্রার্থনা করত কারা?
(ক) অভিজাত শ্রেণির (খ) শ্রমিকরা
(গ) মনিবরা (ঘ) পাদ্রিরা

১৮. মর্যাদাগোষ্ঠী এবং সামাজিক শ্রেণির মধ্যে অনেকেই কী নির্ণয় করেন?
(ক) সামঞ্জস্য (খ) সুসম্পর্ক
(গ) কুসম্পর্ক (ঘ) পার্থক্য

১৯. "সব সমাজেই কমবেশি স্তরবিন্যাস লক্ষ করা যায়" বাক্যটিতে কী ফুটে উঠেছে?
i. সমাজের শ্রেণিভেদ
ii. সমাজের উন্নতি
iii. সামাজিক সমস্যা
নিচের কোনটি সঠিক?
(ক) i (খ) ii (গ) i ও ii (ঘ) i, ii ও iii

২০. অস্পৃশ্যরা পিতৃপেশা নিয়ে বসবাস করত কীভাবে?
i. ঝগড়া করে
ii. চুপচাপ
iii. উচ্ছৃঙ্খলভাবে
নিচের কোনটি সঠিক?
(ক) i (খ) ii (গ) i ও ii (ঘ) i, ii ও iii

■ নিচের ছকটি দেখ এবং ২১ ও ২২নং প্রশ্নের উত্তর দাও।



২১. তোমার অবস্থান যদি মধ্য শ্রেণিতে হয় তবে মার্কসীয় তত্ত্ব অনুযায়ী তুমি কোন শ্রেণি প্রবেশ করবে?
i. পুঁজিপতি শ্রেণি
ii. সর্বহারা শ্রেণি
iii. মধ্যবর্তী শ্রেণি
নিচের কোনটি সঠিক?
(ক) i (খ) i ও ii (গ) ii ও iii (ঘ) i, ii ও iii

২২. তোমার সমাজে যদি প্রদত্ত তিনটি শ্রেণি বিদ্যমান থাকে তবে বিবাদমান পক্ষ হবে—
i. উচ্চশ্রেণি ও মধ্যশ্রেণি
ii. উচ্চশ্রেণি ও নিম্নশ্রেণি
iii. মধ্যশ্রেণি ও নিম্নশ্রেণি
নিচের কোনটি সঠিক?
(ক) i (খ) ii (গ) ii ও iii (ঘ) i, ii ও iii

২৩. একসময় তৃণভূমির প্রয়োজন ছিল কেন?
(ক) কৃষিকাজের জন্য (খ) খেলাধুলার জন্য
(গ) পশুপালনের জন্য (ঘ) ভারসাম্য রক্ষার জন্য

২৪. গোষ্ঠী বা দলগত মালিকানার উদাহরণ কোনটি?
(ক) যৌথ প্রচেষ্টায় গড়ে ওঠা বাণিজ্যিক প্রতিষ্ঠান
(খ) একক প্রচেষ্টায় গড়ে ওঠা বাণিজ্যিক প্রতিষ্ঠান
(গ) ব্যক্তিগতভাবে গড়ে ওঠা সহায় সম্পত্তি
(ঘ) মেধাবি ব্যক্তির গুণকীর্তন

২৫. হেনরী মর্গানের 'Ancient Society' গ্রন্থের বাংলায় অনুবাদ কোনটি?
(ক) প্রাচীন বিশ্বাস (খ) আদিম সমাজ
(গ) আদিম ধ্যানধারণা (ঘ) প্রাচীন প্রথা

২৬. যাঁর চোখে ব্যক্তিগত সম্পত্তির অধিকার হল এক পবিত্র অধিকার—
(ক) টি. এইচ. গ্রিন (খ) জন লক
(গ) হবস (ঘ) ম্যাকিয়াভেলী

২৭. আদিম যুগে মানুষের মৌল প্রয়োজন কোনটি ছিল?
(ক) শিকার করা (খ) পশুপালন করা
(গ) ঘুরে বেড়ানো (ঘ) আহার্য সংগ্রহ করা

২৮. অর্থবিদ্যার জনক এ্যাডাম স্মিথ কত সালে 'অবাধ বাণিজ্য নীতি'র কথা তুলে ধরেন?
(ক) ১৭৭৬ সালে (খ) ১৭৭৭ সালে
(গ) ১৭৭৮ সালে (ঘ) ১৭৭৯ সালে

২৯. পাশ্চাত্যের ব্যবসায়ী মহল তথা জনসাধারণকে পুঁজি সঞ্চয়ে উদ্বুদ্ধ করেছে কোনটি?
(ক) সামাজিক দর্শন
(খ) রাজনৈতিক ব্যাখ্যা-বিশ্লেষণ
(গ) ধর্মীয় ব্যাখ্যা ও দর্শন
(ঘ) বৈজ্ঞানিক ব্যাখ্যা ও পর্যবেক্ষণ

৩০. সমাজতন্ত্রে বণ্টনের ক্ষেত্রে বৈষম্য কমে যায় কেন?
(ক) অদক্ষ শ্রমিকের কাজ করার সুযোগ থাকে না বলে
(খ) যোগ্যতা ও দক্ষতা অনুযায়ী শ্রমিকের মজুরি নির্ধারিত হয় বলে
(গ) শ্রমিকরা স্বেচ্ছায় কাজ করে না বলে
(ঘ) শ্রমিকরা বৈপ্লবিক কর্মসূচি হাতে নেয় বলে

৩১. যা ব্যক্তিগত সম্পত্তির উদ্ভব ঘটায়—
i. উৎপাদনের কলাকৌশলের উন্নতি
ii. শ্রমবিভাগের প্রসার
iii. পণ্য বিনিময় প্রথার প্রচলন
নিচের কোনটি সঠিক?
(ক) i ও ii (খ) i ও iii (গ) ii ও iii (ঘ) i, ii ও iii

৩২. একসময়ে ভারতে যানবাহন হিসেবে ব্যবহৃত হতো—
i. গরু
ii. ঘোড়া
iii. গাধা
নিচের কোনটি সঠিক?
(ক) i ও ii (খ) i ও iii (গ) ii ও iii (ঘ) i, ii ও iii

■ নিচের অনুচ্ছেদটি পড় এবং ৩৩ ও ৩৪ নং প্রশ্নের উত্তর দাও।
রেশমা তার সঞ্চিত অর্থ দিয়ে তিন বিঘা জমি ক্রয় করেছে ভালো বসবাস করার জন্য। সেখানে সে একটি আদর্শ বাড়িও তৈরি করেছে অল্প সময়ের মধ্যে।

৩৩. রেশমার সম্পদের বৈশিষ্ট্য হল—
i. মালিকানা আছে
ii. হস্তান্তরযোগ্য
iii. সরকার কর্তৃক ব্যবহারযোগ্য
নিচের কোনটি সঠিক?
(ক) i (খ) i ও ii (গ) ii ও iii (ঘ) i, ii ও iii

৩৪. রেশমার তিন বিঘা জমির নিচে গ্যাসক্ষেত্র থাকলে তা হবে—
i. রেশমার নিজের সম্পদ
ii. রাষ্ট্রীয় মালিকানার
iii. পাবলিক প্রপার্টি
নিচের কোনটি সঠিক?
(ক) i (খ) i ও ii (গ) ii ও iii (ঘ) i, ii ও iii

৩৫. রুশোর ভাষায় 'সাধারণ ইচ্ছা'র ব্যাখ্যা হল—
(ক) যখন যা খুশি তা করার ইচ্ছা
(খ) মানবকল্যাণে কার্যকর যেকোনো ইচ্ছা
(গ) যেকোনো পদক্ষেপ গ্রহণ করার ইচ্ছা
(ঘ) উপরের সব ক'টি

৩৬. সরকারকে ক্ষমতা ছেড়ে বিদায় নিতে হয় কেন?
(ক) প্রধান বিরোধীদল হুমকি দিলে
(খ) নতুন সরকার শপথ নিলে
(গ) জনগণ বিপক্ষে গেলে
(ঘ) দ্রব্যমূল্য বেড়ে গেলে

৩৭. যে কারণে আইনের ভূমিকা অনস্বীকার্য—
i. মানুষের অধিকার সংরক্ষণ
ii. পাপীকে নাজাত প্রদান
iii. অপরাধীর আচরণ নিয়ন্ত্রণ
নিচের কোনটি সঠিক?
(ক) i ও ii (খ) i ও iii (গ) ii ও iii (ঘ) i, ii ও iii

৩৮. আমলাতন্ত্র বলতে যা বোঝায়—
i. এক ধরনের আনুষ্ঠানিক সংগঠন
ii. দক্ষতা অর্জনের জন্য সুশৃঙ্খল নিয়মনীতি
iii. ক্ষমতার ক্রমোচ্চ ব্যবস্থা
নিচের কোনটি সঠিক?
(ক) i (খ) ii (গ) i ও ii (ঘ) i, ii ও iii

■ নিচের অনুচ্ছেদটি পড় এবং ৩৯ ও ৪০নং প্রশ্নের উত্তর দাও।
তামিল উপজাতি একসময় খাবারে শিকার করে সবাই ভাগ করে খেত। অথচ সময়ে পরিবর্তনে আজ তাদের মাঝে ব্যক্তিগত সম্পত্তির ধারণা এতটাই প্রকট হয়েছে যে এটির পূর্ণ স্বাদ ভোগ করতে আজ তারা একটি স্বাধীন দেশের স্বপ্ন দেখছে।

৩৯. তামিলদের ব্যক্তিগত সম্পত্তি তাদের গোত্রপতির কী ধরনের রাষ্ট্রীয় কার্যকলাপ বৃদ্ধি করেছিল?
i. উত্তরাধিকার আইন
ii. বণ্টন রীতি
iii. স্বাধীনতা
নিচের কোনটি সঠিক?
(ক) i (খ) i ও ii (গ) ii ও iii (ঘ) i, ii ও iii

৪০. তামিলদের মনে যে স্বাধীন রাষ্ট্র সৃষ্টির স্বপ্ন তার পেছনে কোনটি মূল ভূমিকা রেখেছে?
i. ধর্মীয় বিশ্বাস
ii. আইন
iii. নেতৃত্ব
নিচের কোনটি সঠিক?
(ক) i (খ) i ও ii (গ) ii ও iii (ঘ) i, ii ও iii

উত্তরমালা

১	ক	২	ক	৩	ক	৪	ক	৫	ঘ	৬	গ	৭	ক	৮	খ	৯	খ	১০	গ	১১	ক	১২	ক	১৩	ক	১৪	ঘ	১৫	খ	১৬	ক	১৭	ঘ	১৮	ঘ	১৯	ক	২০	খ
২১	খ	২২	খ	২৩	গ	২৪	ক	২৫	খ	২৬	ক	২৭	ঘ	২৮	ক	২৯	গ	৩০	খ	৩১	ঘ	৩২	ঘ	৩৩	ঘ	৩৪	গ	৩৫	খ	৩৬	খ	৩৭	খ	৩৮	ঘ	৩৯	ঘ	৪০	গ

Teachingbd.com
http://teachingbd.com